



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০১ জুলাই' ২০২৩ খ্রি.

স্বাধীনতার সাথে জড়িয়ে আছে জহুর আহমদ চৌধুরীর নাম: মেয়র রেজাউল

বাংলাদেশের স্বাধীনতার সাথে চট্টগ্রামে কৃতি সন্তান জহুর আহমদ চৌধুর নাম জড়িয়ে আছে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

শনিবার সকালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক মন্ত্রী, মুক্তিযুদ্ধের ইস্টার্ন জোনের চেয়ারম্যান, সিটি আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক এবং বঙ্গবন্ধুর ঘনিষ্ঠ সহচর মরহুম জহুর আহমদ চৌধুরীর ৪৯তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে চট্টগ্রাম সিটি মেয়র কাউন্সিলরদের নিয়ে জহুর আহমদ চৌধুরীর কবরে ফুলেল শ্রদ্ধা জানান।

এ সময় মেয়র বলেন, বঙ্গবন্ধু স্বাধীনতা ঘোষণার পর, চট্টগ্রামে জহুর আহমদ চৌধুরীর কাছে পাঠিয়েছিলেন দেশে-বিদেশে প্রচারের জন্য। পরবর্তীকালে চট্টগ্রামে প্রতিষ্ঠিত স্বাধীন বাংলা বেতারকেন্দ্র থেকে বঙ্গবন্ধুর এই ঘোষণা প্রচার করা হয়। মুক্তিযুদ্ধে আগরতলায় অবস্থান নিয়ে জহুর আহমদ চৌধুরী মুজিব নগর সরকারের প্রতিনিধি হিসেবে গোটা দক্ষিণ-পূর্বাঞ্চলে মুক্তিযুদ্ধ পরিচালনা করেন। মুক্তিযুদ্ধের শুরুতেই তিনি আগরতলা গিয়ে সাংবাদিকদের মাধ্যমে বাংলাদেশে পাকিস্তানি সেনাবাহিনীর গণহত্যা ও ধ্বংসযজ্ঞের সংবাদ বিশ্ববাসীর কাছে পৌছে দেন। তিনিই প্রথম বাংলাদেশের পক্ষে ত্রিপুরার মুখ্যমন্ত্রীর মাধ্যমে তারত সরকারের সঙ্গে যোগাযোগ করেন এবং মুক্তিযুদ্ধে সহযোগিতার আহ্বান জানান। এজন্য বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের ইতিহাসের পাতায় পাতায় চট্টগ্রামের কৃতি সন্তান জহুর আহমদ চৌধুরীর নাম স্বর্ণক্ষরে লেখা থাকবে।

এ সময় আরো উপস্থিত ছিলেন-প্যানেল মেয়র গিয়াস উদ্দিন, কাউন্সিলর নিছার উদ্দিন আহমেদ মঙ্গ, চৌধুরী হাসান মাহামুদ হাসনী, হাসান মুরাদ বিপ্লব, মোহাম্মদ জাভেদ, মোহাম্মদ সলিম উল্ল্যাহ বাচু, মোহাম্মদ ইসমাইল, মুর্গল আমীন, আবদুস সালাম মাসুম, মোঃ আশরাফ, শাহেদ ইকবাল বাবু, আবদুল মান্নান, কাজী নুরুল আমীন, পুলক খান্তগির, মোহাম্মদ ইলিয়াস এবং নূর মোস্তাফা টিনু।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮